চিটাগাং ড্রাই ডক লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী
পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম

# সীমিত দরপত্র বিজ্ঞপ্তি

২৩.০২.১৫৬৫.৩৪১.৫৩.০০৬.২৫.২০৮ ২৬ অক্টোবর ২০২৫

| | | |
|---|---|---|
| ০১। | ক্রয়কারী প্রতিষ্ঠানের নাম | চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম। |
| ০২। | ক্রয়তব্য মালামাল এবং পরিমাণ | ইট, বালি, সিমেন্ট ও অন্যান্য আইটেম (সিডিউল মোতাবেক)। |
| ০৩। | দরপত্রের নথি নং | ২৩.০২.১৫৬৫.৩৪১.৫৩.০০৬.২৫. ২০৭<br>তারিখঃ ২৬ অক্টোবর ২০২৫ |
| ০৪। | ক্রয়ের প্রক্রিয়া | সীমিত দরপত্রের মাধ্যমে। |
| ০৫। | উৎস | নিজস্ব তহবিল। |
| ০৬। | দরপত্র গ্রহণের তারিখ ও শেষ সময় | ২৬ অক্টোবর ২০২৫ হতে ০৪ নভেম্বর ২০২৫ বেলা- ১২:১৫ ঘটিকা পর্যন্ত (অফিস চলাকালীন সময়)। |
| ০৭। | দরপত্র জমাদানের শেষ সময় | ১২:১৫ ঘটিকা পর্যন্ত। |
| ০৮। | দরপত্র খোলার তারিখ ও সময় | ০৪ নভেম্বর ২০২৫ ১২:৩০ ঘটিকা পর্যন্ত। |
| ০৯। | দরপত্র গ্রহণের স্থানঃ | চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম। |
| | ক। দরপত্র প্রাপ্তির স্থান | চিটাগাং ড্রাই ডক লিমিটেড এর বাণিজ্য ও ক্রয় বিভাগ এবং ক্যাশ শাখা। |
| | খ। দরপত্র গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম | চিটাগাং ড্রাই ডক লিমিটেড। |
| | গ। দরপত্র খোলার প্রতিষ্ঠানের নাম | (১) চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম।<br>(২) দরদাতা এবং অনুমোদিত প্রতিনিধি দরপত্র খোলার সময় উপস্থিত থাকতে পারবে। |
| ১০। | টেন্ডার ডকুমেন্টের মূল্য | ৳ ৮০০/- (আট শত টাকা মাত্র) |
| ১১। | যোগাযোগের মাধ্যম | মোবাইলঃ +৮৮ ০১৭৬৯-৭৪৪৪৫৪<br>ফ্যাক্সঃ +৮৮০২৩৩৩৩০১১২৩ |
| ১২। | বিশেষ নির্দেশাবলী | চিটাগাং ড্রাই ডক লিমিটেড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন / সকল দরপত্র গ্রহণ / বাতিল করার অধিকার সংরক্ষণ করে। |

Arman

কমান্ডার মোঃ নাজমুল আমান সুমন, (ই), বিএন
বিভাগীয় প্রধান (বাণিজ্য ও ক্রয়)

চিটাগাং ড্রাই ডক লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী
পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম

মেসার্স..................................

..........................................

..........................................

দরপত্র নংঃ- ২৩.০২.১৫৬৫.৩৪১.৫৩.০০৬.২৫. ৯০১
তারিখঃ- ২৬ অক্টোবর ২০২৫
খোলার তারিখঃ- ০৪ নভেম্বর ২০২৫
বেলাঃ- ১২:৩০ মিনিট

## সীমিত দরপত্র

প্রিয় মহোদয়গণ

১। অত্র প্রতিষ্ঠানের জরুরি প্রয়োজনে নিম্নবর্ণিত দ্রব্যাদি আপনাদের মজুদ হতে তাৎক্ষণিক দরপত্রের মাধ্যমে ক্রয় করতে ইচ্ছুকঃ

| ক্রঃ নং | দ্রব্যের বিবরণ | পরিমাণ | মূল্যহার | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | একক মূল্য | মোট মূল্য | |
| ১। | Brick - 1st Class | 74000 (Seventy Four Thousand ) Nos | | | ১। চাহিদানুযায়ী সামগ্রিক ধারণা নিয়ে গুণগত ও মানসম্পন্ন আইটেম সরবরাহ করতে হবে।<br>২। দরপত্র দাখিলের সময় দরপত্রে উল্লিখিত ১, ২, ৪, ৫ ও ৭ নং আইটেমের নমুনা এবং ৩, ৬ ও ৮ নং আইটেমের ছবি প্রদান আবশ্যক। |
| ২। | Sand - Non Salt | 4400 (Four Thousand Four Hundred ) Cft | | | |
| ৩। | Cement | 800 (Eight Hundred ) bag | | | |
| ৪। | Brick Chips - 3/4" Down Well Graded Picked Jhama | 1300 (One Thousand Three Hundred ) Cft | | | |
| ৫। | Sylhet sand - FM 2.2 | 650 (Six Hundred Fifty) Cft | | | |
| ৬। | 10 mm Dia MS bar - Grade 400 (B400DWR)/ASTM A 615 Brand: BSRM | 6000 (Six Thousand ) Kg | | | |
| ৭। | Sand - Filling Sand | 6150 (Six Thousand One Hundred Fifty) Cft | | | |
| ৮। | Angle bar - 38mm x38mm 5mm | 9000 (Nine Thousand ) Kg | | | |
| | | | মোট = | | |
| | | | (+) ভ্যাট ১০% = | | |
| | | | সর্বমোট মূল্য (সংখ্যায়) = | | |
| সর্বমোট মূল্য (কথায়) = | | | | | |

২। উপরোক্ত দ্রব্যাদি আপনাদের নিকট মজুদ থাকলে আমাদের ক্রয়/ বাজার যাচাইকরণ কমিটির নিকট অপর পৃষ্ঠায় উল্লিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে আপনাদের দরপত্র পাঠাবার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত

Aman

কমান্ডার মোঃ নাজমুল আমান সুমন, (ই), বিএন
বিভাগীয় প্রধান (বাণিজ্য ও ক্রয়)

আমরা এ মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, আমাদের উপরোক্ত দরপত্র আপনাদের নিকট গ্রহণযোগ্য হলে আমরা অপর পৃষ্ঠায় উল্লিখিত শর্তসমূহ সাপেক্ষে উপরোক্ত দ্রব্যাদি সরবরাহ করতে বাধ্য থাকব ।

তারিখসহ মালিকের অথবা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ..........................................

দোকানের/ফার্মের পূর্ণ ঠিকানা ..........................................

..........................................

..........................................

ফোন যদি থাকে ..........................................

# সীমিত দরপত্রে অংশগ্রহণের শর্তাবলী

১. দরপত্র ফ্রি সরবরাহ এ্যাট সাইট শর্ত ছাড়া অন্য কোনো শর্তে গ্রহণযোগ্য নয়।

২. দরপত্রে অংশ গ্রহণকারীকে দরপত্রের সাথে ভ্যাট নিবন্ধন সনদ (BIN) এবং আয়কর নিবন্ধন সনদ (TIN) এবং হালনাগাদ ট্রেড লাইসেন্স সরবরাহ করতে হবে (তালিকাভুক্ত সরবরাহকারীর জন্য প্রযোজ্য নয়)। সরকারি বিধি মোতাবেক ভ্যাট, ট্যাক্স এবং অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

৩. সরবরাহকারীর মূল্য তালিকা (স্বহস্তে লিখিত বা ছাপানো হোক) পরিষ্কারভাবে সীলমোহরকৃত খামে ব্যবস্থাপনা পরিচালক, চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম সম্বোধনপূর্বক পাঠাতে হবে।

৪. মূল্য যাচাইপত্র নং ২৩.০২.১৫৬৫.৩৪১.৫৩.০০৬.২৫.১০৭ তারিখ ২৬ অক্টোবর ২০২৫ । জমা নেবার শেষ তারিখ ০৪ নভেম্বর ২০২৫ বেলাঃ ১২.১৫ ঘটিকা পর্যন্ত এবং দরপত্র খোলার তারিখ ০৪ নভেম্বর ২০২৫ বেলাঃ ১২.৩০ ঘটিকা।

৫. মূল্য তালিকা ডাকে অথবা স্বহস্তে চিটাগাং ড্রাই ডক লিমিটেডের বাণিজ্য ও ক্রয় বিভাগে রক্ষিত বাক্সে জমা দিতে হবে। মূল্য তালিকা কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত অবশ্যই বলবৎ রাখতে হবে।

৬. ক্রয়াদেশে বর্ণিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর মালামাল সরবরাহ করা হলে প্রতি সপ্তাহে অথবা অংশ বিশেষ এর জন্য দশমিক পাঁচ শতাংশ (০.৫%) হারে এলডি এবং সরবরাহে অধিক বিলম্বের করণে উৎপাদন ব্যহত হলে/ কোন ক্ষতি হলে প্রতি সপ্তাহের অথবা তার অংশ বিশেষের জন্য অনধিক শতকরা এক ভাগ (১%) হারে এলডি সরবরাহকারীর নিকট হতে কর্তন করা হবে।

৭. সরবরাহকৃত আইটেমসমূহের নমুনা ও বর্ণনার সাথে সংগতিপূর্ণ না হলে বা ত্রুটিপূর্ণ মনে করা হলে মালামাল আংশিকভাবে বা সম্পূর্ণভাবে বাতিল করা হবে। অসরবরাহকৃত/বাতিলকৃত আইটেমসমূহের মূল্যের উপর ৫% হারে জরিমানা আদায় করা হবে।

৮. আমাদের নির্দিষ্ট মূল্য যাচাই পত্রের দরপত্র ফরম ব্যতিরেকে অন্য যে কোন শিরোনামাঙ্কিত পত্রের মূল্য তালিকা পাঠানো হলে উহা গ্রহণযোগ্য নাও হতে পারে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহণযোগ্য নয়।

৯. সিডিডিএল কর্তৃপক্ষ কোন কারন দার্শানো ব্যতিরেকেই যে কোন কিংবা সকল মূল্য তালিকা গ্রহণ অথবা দরপত্র বাতিল করার ক্ষমতা থাকবে।

১০. গ্রহণযোগ্য মূল্য তালিকার সরবরাহকারীকে ক্রয়াদেশের বিধি মোতাবেক দ্রব্য সরবরাহ সুনিশ্চিত করার জন্য তালিকাভুক্তি ছাড়া সরবরাহকারীর নিকট ৩% হারে জামানত আর্নেস্ট মানি হিসেবে দরপত্র জমাদানের সময় পে-অর্ডার প্রদান করতে হবে (তালিকাভুক্ত প্রতিষ্ঠান ব্যতিত)। উক্ত জামানত এবং তালিকাভুক্ত সরবরাহকারীর স্থায়ী জামানত সিডিডিএল কর্তৃপক্ষের আইনের পরিপন্থী এবং ক্রয়াদেশ বহির্ভূত যে কোন কার্যের জন্য অর্থাৎ নির্দিষ্ট সময়ে সরবরাহ করতে অপারগ, প্রতিজ্ঞা অথবা নমুনা কিংবা ক্রয়াদেশ মোতাবেক সরবরাহ না করার জন্য বাজেয়াপ্ত করা যাবে। সফল দরপত্রদাতার আর্নেস্ট মানি আইটেম সরবরাহ শেষে অবমুক্ত করা হবে।

১১. আমাদের এ শর্তাবলী স্বীকার করে নেওয়ার পর সরবরাহকারী কর্তৃক কোন প্রকার অবহেলা অথবা অন্য যে কোন নিজস্ব কারনে যদি শর্তাবলী বিঘ্নিত হয় এবং তার পরিপ্রেক্ষিতে সিডিডিএল এর যে কোন দ্রব্যগত বা অর্থগত ক্ষতি সরবরাহকারীর জামানত হতে পূরণ করা হবে।

১২. সালিসীর মধ্যস্থতাঃ উপরোক্ত শর্তাবলীর উপর যদি কোন মত বিরোধ দেখা দেয় তবে বিষয়টি নিষ্পত্তির জন্য উভয় পক্ষের মতানুসারে একটি সালিসী পক্ষ ডাকা হবে এবং তাতে বিফল হলে চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, কর্তৃক মনোনীত সালিসী পক্ষ এবং সরবরাহকারীর মনোনীত সালিসী পক্ষের মধ্যস্থতায় নিষ্পত্তির চেষ্টা করা হবে, তাতেও বিফল হলে উভয় সালিসী পক্ষের লিখিত মনোনায়নের মাধ্যমে একজন বিচারক (আম্পায়ার) নিযুক্ত করা যাবে এবং তাতেও গৃহীত সিদ্ধান্ত ব্যর্থ হলে ১৯৪০ সালের সালিসী আইন অনুযায়ী চরম সিদ্ধান্তের জন্য একটি চরম সালিসী পক্ষকে মেনে নিতে হবে এবং সে সিদ্ধান্ত উপরে বর্ণিত শর্তাবলী আইনানুগতভাবে সংযোজিত হবে এবং উভয় পক্ষকে মেনে নিতে হবে।

১৩. ক্রয়াদেশভুক্ত সম্পূর্ণ মালামাল সরবরাহের পর সরবরাহকারি কর্তৃক ০৩ (তিন) কপি বিল/ ইনভয়েস, ০২ (দুই) কপি চালান, ভ্যাট চালান (প্রযোজ্য ক্ষেত্রে), Proof of Submission of Return (PSR) সহ বিল পরিশোধের জন্য দাখিল করতে হবে। এম. আর. আর (M.R.R) হওয়ার পর হিসাব বিভাগ কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১৪. বিশেষ দ্রষ্টব্যঃ উপরোল্লিখিত যে কোনো ঘরের নির্দিষ্ট বক্তব্য হতে বিরত থাকলে সরবরহকারীর মূল্য উদ্ধৃত বাতিল হতে পারে। মূল্য উদ্ধৃতির সকল মূল্যহার পরিষ্কারভাবে লিখতে হবে। কোনোরূপ অস্পষ্টতা অসম্পূর্ণতা অথবা পুনঃ লিখনের মাধ্যমে ভুল বুঝার অবকাশ থাকলে উদ্ধৃতির উক্ত অংশটুকু বাতিল বলে গণ্য হবে।